



সূত্র: ৫২৬/০১৯/কঅ/৩১১

তারিখ: ২৭-০২-২০১৯

ইউনিট A (কলা অনুষদ ও চারুকলা অনুষদ)  
১ম বর্ষ বি.এ. (সম্মান) ভর্তি পরীক্ষা ২০১৮-২০১৯  
রাজশাহী বিশ্ববিদ্যালয়  
বিজ্ঞপ্তি-২৬

A ইউনিটের (কলা অনুষদ ও চারুকলা অনুষদ) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ (সম্মান) শ্রেণীতে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের উর্দু বিভাগে (গ্রুপ-১ ও গ্রুপ-২) এবং দর্শন বিভাগে (গ্রুপ-১, দর্শন কোর্স) শূন্য আসন পূরণের লক্ষ্যে মেধাক্রমানুযায়ী একটি তালিকা প্রকাশ করা হলো।

উক্ত তালিকার পরীক্ষার্থীদের আগামী ২৮.০২.১৯ থেকে ০৪.০৩.১৯ তারিখে বেলা ১২টার মধ্যে কলা অনুষদ অফিসে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র জমা দেওয়ার জন্য বলা হচ্ছে। যারা প্রবেশপত্র জমা দেবে তাদের মধ্য থেকে মেধাক্রম অনুযায়ী বিভাগগুলোর শূন্য আসন পূরণ করা হবে। উল্লেখ্য, নির্দিষ্ট তারিখ ও সময়ে যারা প্রবেশপত্র জমা দিতে ব্যর্থ হবে তাদেরকে তালিকা থেকে চূড়ান্তভাবে বাদ দেওয়া হবে।

আসন পূরণ সাপেক্ষে নির্বাচিত প্রার্থীদের চূড়ান্ত তালিকা আগামী ০৪.০৩.১৯ প্রকাশ করা হবে এবং ০৫.০৩.১৯ থেকে ০৭.০৩.১৯ বিকেল ৪টা এর মধ্যে ভর্তি হতে হবে। ভর্তির সময় প্রার্থীদেরকে নিম্নোক্ত কাগজপত্রসহ পূর্ণ প্রস্তুতি নিয়ে আসতে হবে।

ভর্তি সংক্রান্ত তথ্যাবলী নিম্নরূপ:

- ১। অনলাইনে <http://admission.ru.ac.bd> -তে ৫ মার্চ ২০১৯ সকাল ১০ টা থেকে ভর্তি ফরম পূরণ করতে হবে। পরীক্ষার্থী নিজে অনলাইনে পূরণকৃত ফরমটি অফসেট কাগজে তিন কপি প্রিন্ট স্বাক্ষর করে এ৪ সাইজের খামে পরীক্ষার্থীর নাম, বিভাগের নাম, রোল নম্বর লিখে কলা অনুষদ অফিসে জমা দিতে হবে।
- ২। ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এস.এস.সি./সম্মান ও এইচ.এস.সি./সম্মান পরীক্ষার মূল মার্কশীট এবং এইচ.এস.সি./সম্মান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড জমা দিতে হবে।
- ৩। ভর্তি সংক্রান্ত যাবতীয় ফি জমা দেয়ার বিস্তারিত বিষয়াদি বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট <http://admission.ru.ac.bd> এবং অনুষদ অফিস থেকে জানা যাবে।

প্রকাশিত ফলাফলে কোন প্রকার ভুল-ত্রুটি/অসঙ্গতি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের থাকবে।

(প্রফেসর ড. মো. ফজলুল হক)

চীফ কো-অর্ডিনেটর

ইউনিট A (কলা অনুষদ ও চারুকলা অনুষদ)

১ম বর্ষ বি. এ. (সম্মান) ভর্তি পরীক্ষা ২০১৮-২০১৯

ও

ডীন, কলা অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।